# মিরপুরে রাজধানী পরিবহনের বাসে আগুন, আটক ২



ছবি: সংগৃহীত

রাজধানীর মিরপুর বাসস্ট্যান্ডে দাঁড়িয়ে থাকা রাজধানী পরিবহনের একটি যাত্রীবাহী বাসে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। এ ঘটনায় পালানোর সময় দুজনকে আটক করেছে পুলিশ।

সোমবার (১৬ নভেম্বর) রাত ১০টা ৫ মিনিটের দিকে মিরপুর মডেল থানা এলাকায় এ ঘটনা ঘটে।

মিরপুর-১ এলাকায় দায়িত্বে থাকা ট্রাফিক পুলিশের ইন্সপেক্টর (টিআই) আলামিন জানান, রাত ৯টা ৫০ মিনিটের দিকে যাত্রী নামানোর জন্য বাসটি স্ট্যান্ডে থামে। যাত্রীরা নেমে যাওয়ার কিছুক্ষণ পরই বাসটিতে আগুন লাগে। বাসের যাত্রী, চালক ও সহকারী নিরাপদে বেরিয়ে আসতে সক্ষম হন। এ ঘটনায় কেউ হতাহত হননি। তবে আগুনে বাসটি পুড়ে গেছে।

মিরপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হাফিজুর রহমান বলেন, বাসটিতে আগুন দেওয়ার পর পালানোর সময় দুজনকে আটক করা হয়েছে। প্রাথমিকভাবে তাঁদের পরিচয় জানা যায়নি।

LENS ASIA